নাগরিক সম্মেলন ২০১৭

বাংলাদেশে এসডিজি বাস্তবায়ন

কাউকে পেছনে রাখা যাবে না

৬ ডিসেম্বর ২০১৭

Citizen's Platform for SDGs, Bangladesh

এসডিজি বাস্তবায়নে নাগরিক প্ল্যাটফর্ম, বাংলাদেশ

সমান্তরাল অধিবেশন (২)

সামাজিক প্রসঙ্গ

কৃষিবিদ ইন্সটিটিউশন বাংলাদেশ, ঢাকা

স্থায়িত্বশীল উন্নয়নের অন্যতম প্রধান শর্ত নারী-পুরুষের সমতা ও অন্তর্ভূক্তিমূলক উন্নয়ন

মালেকা বানু, সাধারণ সম্পাদক,

বাংলাদেশ মহিলা পরিষদ

চ্যালেঞ্জ

- নারীর প্রতি প্রচলিত বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গী ও প্রান্তিক জনগোষ্ঠীকে বিযুক্তিকরণ প্রবণতা
- পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদে নারীর প্রতি বৈষম্য
- সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর প্রান্তিকতা (পরিবার, সমাজ ও রাষ্ট্রে)
- নারীর পেশাগত ও পারিবারিক দায়িত্ব পালনে প্রয়োজনীয় সহায়ক সেবার অভাব
- এসডিজি অর্জনের লক্ষ্যে গৃহীত সকল কর্মপরিকল্পনার কেন্দ্রে জেন্ডার ডাইমেনশন ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অর্ন্তভূক্তিকরণের সীমাবদ্ধতা

নারীর প্রতি প্রচলিত বৈষম্যমূলক দৃষ্টিভঙ্গী ও প্রান্তিক জনগোষ্ঠীকে বিযুক্তিকরণ প্রবণতা

করণীয়ঃ

- জেন্ডার সংবেদনশীল পরিবার, সমাজ ও রাষ্ট্র গঠন :
- নারীর ব্যক্তিস্বাধীনতা, যৌন ও প্রজনন স্বাস্থ্য অধিকার নিশ্চিতকরণ
- নারীর মানবাধিকারের প্রতি সংবেদনশীল, নারী ও কন্যা শিশুর প্রতি সকল প্রকার সহিংসতা বিরোধী সংস্কৃতি গঠন।
- মানবাধিকারের আলোকে সামাজিক রীতিনীতির পরিবর্তন এবং প্রান্তিক জনগোষ্ঠীকে সমাজের মূল ধারায় যুক্তকরণ।
- বৈষম্যমূলক ও ত্রুটিপূর্ণ আইন পরিবর্তন ও আইন সংস্কার (পারিবারিক আইন এবং ধর্ষণ- বাল্য বিবাহ- যৌতুক),
- বিদ্যমান আইনের বাস্তবায়ন, নতুন আইন প্রণয়ন (উত্যক্তকরণ ও যৌন হয়রানি, ইউনিফরম ফ্যামিলি কোড বা অভিন্ন পারিবারিক আইন, বৈষম্য বিলোপ আইন

- সিডও সনদের পূর্ণ অনুমোদন , বাস্তবায়ন
- জেন্ডার বিভাজিত তথ্য উপাত্ত তৈরী , সংরক্ষণ,ব্যবহার ও অবহিতকরণ,
- সরকার, নারী আন্দোলন ও স্বেচ্ছাসেবী সংগঠনের মধ্যে কার্যকর সম্পর্ক বৃদ্ধি, বেসরকারী সংগঠনসমূহের মধ্যে আন্ত সম্পর্ক বৃদ্ধি ।

পারিবারিক, সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদে নারীর প্রতি বৈষম্য

- **করণীয়ঃ**
- পারিবারিক সম্পদের উপরে নারী ও বিশেষ চাহিদা সম্পন্ন সদস্যের অংশীদারিত্ব নিশ্চিতকরণ। (যেমন শিক্ষা স্বাস্থ্য,পুষ্টি, বিনোদন,অর্থনৈতিক নিরাপত্তা)।
- সামাজিক ও রাষ্ট্রীয় সম্পদে নারীর সমঅংশীদারিত্ব- (আর্থিক নীতিমালা, জেন্ডার বাজেট, কৃষক নারীর জন্য রাষ্ট্রীয় সম্পদে সমপ্রাপ্তি,ব্যাংকঋণ)
- নারীর গৃহকর্মকে জিডিপিতে অর্ন্তভূক্ত করতে হবে
- বর্তমান বৈষম্যমূলক উত্তরাধিকার আইনের সংস্কার করে ধর্ম, বর্ণ, গোত্র, নারী- পুরুষ নির্বিশেষে সকলের জন্য সম্পত্তিতে সমান অধিকারের বিধান রাখতে হবে।
- অর্জিত সম্পদের উপর নারীর নিয়ন্ত্রণ নিশ্চিত করতে হবে।
- নারীর জন্য পরিকল্পিত বিনিয়োগ করতে হবে।

সিদ্ধান্ত গ্রহণ প্রক্রিয়ায় নারীর প্রান্তিকতা (পরিবার, সমাজ ও রাষ্ট্রে)

- **করণীয়ঃ**
- সকল পর্যায়ে নারী নেতৃত্ব শক্তিশালী করা এবং সকল ক্ষেত্রে সিদ্ধান্তগ্রহণে নারীর পূর্ণ এবং সমঅংশীদারিত্ব শক্তিশালী করার লক্ষ্যে-
-
- সংসদে সরাসরি নির্বাচনের মাধ্যমে এক- তৃতীয়াংশ নারী প্রতিনিধিত্ব
- সাংবিধানিক প্রতিষ্ঠানগুলোতে এবং প্রশাসনে এক-তৃতীয়াংশ নারী প্রতিনিধিত্ব’
- সরকারী-বেসরকারী সকল প্রতিষ্ঠানে নারী প্রতিনিধিত্ব নিশ্চিত করতে হবে।

নারীর পেশাগত ও পারিবারিক দায়িত্ব পালনে প্রয়োজনীয় সহায়ক সেবার অভাব

করণীয়ঃ নারীর পারিবারিক দায়িত্বের বোঝা হ্রাস করে পেশাগত দায় দায়িত্ব পালনের ক্ষেত্রে সমন্বয় সাধনের লক্ষ্যে :

- নারীর জন্য সহায়ক কাজের ব্যবস্থা গড়ে তোলার উদ্দেশ্যে ডে কেয়ার, হোষ্টেল, পর্যাপ্ত নিরাপদ যাতায়াত ব্যবস্থ , ডরমেটরী, মাতৃত্বকালীন ছুটি, মজুরী বৈষম্য রোধ, প্রজনন স্বাস্থ্য সেবার ব্যবস্থা করা
- গৃহস্থালী কাজে নারী-পুরুষের সমঅংশগ্রহণ
- নারীর জন্য নিরাপদ, স্বাস্থ্যসম্মত ও মানসম্মত কর্মপরিবেশ নিশ্চিতকরা।

এসডিজি অর্জনের লক্ষ্যে গৃহীত সকল কর্মপরিকল্পনার কেন্দ্রে জেন্ডার ডাইমেনশন ও সুবিধাবঞ্চিত জনগোষ্ঠীর অর্ন্তভূক্তিকরণের সীমাবদ্ধতা

করণীয়ঃ

- সংবিধান, সিডও, বেইজিং পিএফএ এর আলোকে জাতীয় নারী উন্নয়ন নীতি সহ ইতিমধ্যে গৃহীত অন্যান্য জেন্ডার পলিসি এসডিজি কর্মপরিকল্পনার সাথে সমন্বয় সাধন করতে হবে।
- প্রান্তিক সুবিধাবঞ্চিত জনগোষ্ঠী, ধর্মীয় সংখ্যালঘু,আদিবাসী, দলিত, প্রতিবন্ধী জনগোষ্ঠীর নারী-পুরুষসহ সকলের জন্যই সবখানে সবার জন্য উন্নয়ন নিশ্চিত করতে হবে।
- পরিকল্পনা গ্রহণ ও বাস্তবায়নের সঙ্গে সংশ্লিষ্ট সকলের জন্য জেন্ডার প্রশিক্ষণ আবশ্যকীয় করতে হবে। (নারীরপ্রতি সকল প্রকার বৈষম্য বিলোপের দলিল- সিডও)
- জেন্ডার বিভাজিত তথ্য সংরক্ষণ করতে হবে।

ধন্যবাদ